



ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ই-মেইল: rebdpa@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২৫.২০০.৯৯.২৬-১৮০৭

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ


সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বোর্ডের কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত বিলম্ব করে অফিসে উপস্থিত হচ্ছেন এবং ডিজিটাল এটেন্ডেন্স মেশিনে ফিঞ্জার স্ক্যানিং করছেন না।

সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর ধারা ৫ (১) মোতাবেক কোনো সরকারি কর্মচারী যুক্তিসংগত কারণ ব্যতীত বিলম্ব অফিসে উপস্থিত হইতে পারিবেন না। একই বিধিমালার ধারা ৫ (২) অনুযায়ী উক্ত বিধান লঙ্ঘন করিলে উপযুক্ত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কর্মচারীকে কারণ দর্শাইবার যুক্তিসংগত সুযোগ প্রদান করিয়া প্রতি ২ (দুই) দিনের বিলম্ব উপস্থিতির জন্য উক্ত কর্মচারীর ১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ কর্তন করিতে পারিবে। উক্ত বিধিমালার ৬ ধারায় বিধান রয়েছে যে, কোনো সরকারি কর্মচারী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বর্ণিত অপরাধ একাধিকবার করিলে, উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ কর্তন করিতে পারিবে।

এ পরিপ্রেক্ষিতে বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে জানানো হলোঃ


- (ক) প্রতিদিন সকাল ০৯:০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে অফিসে উপস্থিত থাকতে হবে;
- (খ) অফিসে আগমনের পর ডিজিটাল এটেন্ডেন্স মেশিনে ফিঞ্জার স্ক্যানিং করে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনা প্রতিপালনে ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ অনুযায়ী প্রশাসনিক কার্যব্যবস্থা গ্রহণ করা হবে।


০১.০৪.২৬
(দিলরুবা শিরাজী)
পরিচালক (প্রশাসন)
কর্মচারী প্রশাসন পরিদপ্তর

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সকল দপ্তর/পরিদপ্তর/কার্যালয় প্রধান, বাপবিবো।
- ০২। পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা {গাড়িচালকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন}
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। → বাপবিবোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ।
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা
- ০৪। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/বিতরণ ও পরিচালন/সমিতি ব্যবস্থাপনা/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।
- ০৫। ব্যক্তিনথি।


(মোঃ সাইফুল ইসলাম ভূঁইয়া)
সহকারী পরিচালক (বেনিফিট)